

- ৬। ‘আমাদের পরিচ্ছদ’ প্রবন্ধে রাজশেখর বসু দেশি-বিদেশি প্রভাবকে স্বীকার করে কীভাবে বাঙালির পরিচ্ছদের একটি মান্য রূপ নির্মাণ করতে চেয়েছেন বুঝিয়ে দাও। ১০
- ৭। সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের ‘যবদ্বীপের মহাভারত’ শীর্ষক প্রবন্ধ অনুযায়ী যবদ্বীপে মহাভারতকেন্দ্রিক সংস্কৃতি কীভাবে বিস্তার লাভ করেছিল যুক্তিসহ আলোচনা করো। ১০

কলা স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি.-২.৩

বাংলা আত্মকথা ও প্রবন্ধ

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নীচের যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

- ১। স্মৃতিনির্ভর রচনা হিসাবে রাসসুন্দরীর ‘আমার জীবন’-এর বিশেষত্ব কোথায় বলে তোমার মনে হয়? ১০
- ২। ‘জীবনস্মৃতি’ আসলে এক কবির ‘হয়ে ওঠার ইতিহাস’, তাতে প্রকৃতির যে নিরবচ্ছিন্ন ভূমিকা আছে, তার বিবরণ দাও। ১০

অথবা

- ৩। রবীন্দ্রনাথের জীবনে নানা ব্যক্তি ও ব্যক্তিত্বের ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ। ‘জীবনস্মৃতি’ অবলম্বনে রবীন্দ্রনাথের জীবনে এরকম কয়েকজন ব্যক্তির প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০
- ৪। তুলনামূলক সাহিত্যের আলোচনায় বঙ্কিমের ‘শকুন্তলা, মিরন্দা এবং দেস্‌দিমোনা’ বিশেষভাবে উল্লেখযোগ্য। বহুপঠিত এই প্রবন্ধে, তিনটি চরিত্রের মধ্যে দিয়ে শেক্সপীয়রের সঙ্গে কালিদাসের তুলনা বঙ্কিমচন্দ্র যে ভাবে করেছেন তা উল্লেখ করো। ১০

অথবা

- ৫। ‘নূতন ভাব প্রকাশ করিতে গেলে বিশেষ বিবেচনা করিয়া কার্য করা উচিত’। — ‘নূতন কথা গড়া’ প্রবন্ধ অবলম্বনে হরপ্রসাদ শাস্ত্রীর বক্তব্যটি বুঝিয়ে দাও। ১০

[Turn over